গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৭-৪০৫ তারিখঃ ১০ -১২-২০১৭

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৭-১১-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ( অক্টোবর/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৭-১১-২০১৭ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (অক্টোবর/২০১৭ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ডিসেম্বর, ২০১৭ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামি ২০-১২-২০১৭ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (ই-মেইলেঃ neenashahnaz@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৪ (চার) পাতা।

১০.১২.২০১৭
(শাহনাজ বেগম নীনা)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১৪০৯৯৫
e-mail: neenashahnaz@gmail.com

**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

০১। উপ-পরিচালক (বাজার সংযোগ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০২। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্রগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
০৩। প্রকল্প পরিচালক, সমাপ্ত পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
০৪। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
০৫। কর্মসূচী পরিচালক, বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।
০৬। কর্মসূচী পরিচালক, ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী , ঢাকা।
০৭। সহকারী পরিচালক (প্রশাঃ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৭-১১-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (অক্টোবর/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : সকাল ০৯.০০ ঘটিকা।
তারিখ : ২৭ নভেম্বর, ২০১৭ খ্রিঃ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-'ক' ।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**আলোচনাঃ**

**১। আলোচ্য বিষয়-১:** ৩০-১০-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ৩০-১০-২০১৭ তারিখে অনুষ্ঠিত সেপ্টেম্বর, ২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ৩০-১০-২০১৭ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২.১:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপন কালে সভাকে জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে এডিপিতে ০১টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে এডিপি ৫৩০.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম কিস্তি বাবদ মোট ১৩২.৫০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং অক্টোবর/২০১৭ পর্যন্ত সর্বমোট ৭৫.২৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ১৪.২০%। তাছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়িত ০২টি কর্মসূচী এর আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে ৮৩.৮০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১ম কিস্তি বাবদ ২০.৯৫ লক্ষ টাকা ছাড় করা হয় এবং অক্টোবর/২০১৭ পর্যন্ত সর্বমোট ১৪.৭০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ১৭.৫৪%। এডিপি বাস্তবায়নের হার আরও গতিশীল করার লক্ষ্যে প্রকল্প/কর্মসূচি সমূহে ২য় কিস্তি অর্থ ছাড় সংশ্লিষ্ট সকল কার্যক্রম ডিসেম্বর,২০১৭ মাসের মধ্যে সম্পাদনের এবং অগ্রগতি ৫০% করার জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালককে সভায় নির্দেশনা দেয়া হয়।

**২.১** বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) (সমাপ্ত) প্রকল্পের আওতায় সংগৃহীত গাড়ী জরুরী ভিত্তিতে পরিবহন পুলে জমা দিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং ডিসপ্লে বোর্ডের সকল অসমাপ্ত কাজ সম্পন্ন করে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে তা চালু করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া সমাপ্ত প্রকল্পের বছর ওয়ারী সকল অডিট আপত্তি অতিদ্রুত নিস্পত্তি করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণসহ প্রকল্প চলাকালীন সময়ে সকল অডিট আপত্তি ও নিস্পত্তিকৃত বিষয়গুলো একটি ফাইলে সংরক্ষণ করে অধিদপ্তরের হিসাব শাখায় জমার দেয়ার জন্য সভায় নির্দেশ প্রদান করা হয়।

**২.২: "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের** আওতায় চলমান গোলাপগঞ্জের এসেম্বল সেন্টার নির্মাণ কাজের বিপরীতে এলজিইডিকে অবশিষ্ট ফান্ড হস্তান্তর এবং প্রতি মাসে প্রতি জেলায় গঠিত কৃষক বিপণন দল নিয়ে কমপক্ষে ০২টি প্রশিক্ষণ কার্যক্রম আয়োজনের লক্ষ্যে মাঠ কর্মকর্তা ও জেলা বাজার কর্মকর্তাকে সম্পৃক্তকরণের

জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের আওতায় প্রক্রিয়াজাতকরণ প্রশিক্ষণে বিভিন্ন পণ্যের আচার তৈরী ছাড়াও জ্যাম, জেলি ইত্যাদি তৈরীর উদ্যোগ গ্রহণ করা এবং প্রতিটি প্রশিক্ষণে ৮/১০টি পণ্যের রেসিপি সম্বলিত পুস্তিকা তৈরী করে তা বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি পুনরায় নির্দেশ প্রদান করেন। তাছাড়া প্রশিক্ষণে আদা, রসুন, কাঁচামরিচ ইত্যাদি মসলাজাতীয় পণ্যের প্রক্রিয়াজাতকরণ প্রশিক্ষণ বিষয়ে পদক্ষেপ নিতে সভাপতি নির্দেশ প্রদান করেন। প্রকল্পের আওতায় অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার এর জায়গাটি অতিদ্রুত পরিস্কার করে ডিসেম্বরের মধ্যে কৃষি মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতির মাধ্যমে নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর উন্মোচন করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**২.৩: "বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচি"** আলুর বহুমুখী ব্যবহার এর নিমিত্ত বিভিন্ন প্রশিক্ষণে পোস্টার, লিফলেট, ব্যানার ও আলুর রকমারী খাদ্য তৈরীর রেসিপি প্রচারের ব্যবস্থা গ্রহণ করার জন্য পূনরায় সভাপতি নির্দেশ প্রদান করেন। যে সকল জেলায় ব্যাপক আলু উৎপাদন হয় সে সকল জেলায় আলু হতে রকমারি মিষ্টি প্রস্তুত পূর্বক বিক্রয়ের নিমিত্ত আলুর মিষ্টির ঘর তৈরীর বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়। আগামী ডিসেম্বর মাসের মধ্যে সকল আলুর ঘর নির্মাণ কাজ সমাপ্ত করতে সভায় নির্দেশনা দেয়া হয়। ১৫ ডিসেম্বর/২০১৭ এর মধ্যে বিভাগীয় কার্যালয়, রংপুর এর সমনে সকল ধরণের অবৈধ স্থাপনা উচ্ছেদ করে উক্ত জায়গায় কর্মসূচির আওতায় মডেল হিসেবে আলুর মিষ্টির ঘর তৈরী করতে সভায় নির্দেশ প্রদান করা হয়।

**২.৪ : ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচির** কার্যক্রম ০১ (এক) বছর অতিবাহিত হওয়ার পরও এর কার্যক্রম আশানুরূপ ভাবে লক্ষ্য করা যাচ্ছেনা তাই কর্মসূচিকে আরো গতিশীল করার লক্ষ্যে ডিসেম্বর/২০১৭ মাসের মধ্যে প্রশিক্ষণের কার্যক্রম সমাপ্ত করাসহ আগামী শীত মৌসুমে কর্মসূচির আওতায় সংগৃহীত ভ্যান গুলোর মাধ্যমে পণ্য সামগ্রি বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে সভায় নির্দেশ প্রদান করা হয়। তাছাড়া বিভাগীয় শহরের বিভিন্ন সুপারশপের সাথে চুক্তি সম্পন্ন করে ফ্রেসকার্ট কর্মসূচির উদ্যোক্তাগণ কর্তৃক উৎপাদিত পণ্য সামগ্রি বিক্রির ব্যবস্থা গ্রহণের নিমিত্ত কর্মসূচি হতে সংশ্লিষ্টদের পত্র প্রদানের জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয় ।

**৩: দরপত্রের অগ্রগতি বিষয়ে আলোচনাঃ** ২০১৭-১৮ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্প/কর্মসূচি সমূহের দরপত্রের আহবান এবং কার্যাদেশ প্রদানের অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সকল দরপত্রের কার্যক্রম ৩০ ডিসেম্বর,২০১৭ মধ্যে শেষ করতে সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয় । এ সময়ের মধ্যে কোন দরপত্র আহবান বা কার্যাদেশ প্রদানে ব্যর্থ হলে তার যৌক্তিকতা কৃষি বিপণন অধিদপ্তর ও কৃষি মন্ত্রণালয়কে লিখিতভাবে জানানোর জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। এ ছাড়া "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের আওতায় আগামী ০৭ দিনের মধ্যে সার্ভের কার্যাদেশ প্রদান করতে সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

**৪-বিবিধঃ** বিভিন্ন আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে বিদ্যমান অতি পুরাতন মেশিনারী গুলো ডিসপোজালের জন্য গঠিত কমিটি কার্যকর ব্যবস্থা গ্রহণ পূর্বক অতিদ্রুত মতামতসহ প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। বিভিন্ন প্রকল্পের আওতায় নির্মিত এবং ভবিষ্যতে নির্মিতব্য এসেম্বল সেন্টার পরিচালনা বিষয়ে প্রস্তুতকৃত খসড়া নীতিমালাটি সভার আলোচনার আলোকে প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন করে তা চূড়ান্তকরণের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্প ও কর্মসূচির সাফল্য ধারাবাহিক ভাবে AIS এর মাসিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালকগণের সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত ভাবে মহাপরিচালক বরাবর অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সমাপ্ত প্রকল্পের সংশোধিত পিসিআর যা ইতোমধ্যে প্রকল্পের পিসিইউ অংগে জমা প্রদান করা হয়েছে উক্ত কপি অধিদপ্তরের নীতি ও পরিকল্পনা শাখায় পুনরায় প্রেরণ করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**৫: সভার সিদ্ধান্তসমূহঃ**

এডিপি বাস্তবায়নের হার আরও গতিশীল করার নিমিত্ত প্রকল্প/কর্মসূচি সংশ্লিষ্ট সকল কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পাদনের জন্য বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৫.১** | পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) (সমাপ্ত) প্রকল্পের আওতায় সংগৃহীত গাড়ী জরুরী ভিত্তিতে পরিবহন পুলে জমা দিতে হবে। | সহকারী পরিচালক (প্রশাঃ) |
| **৫.২** | পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) (সমাপ্ত) প্রকল্পের আওতায় নির্মিত ডিসপ্লে বোর্ডের সকল অসমাপ্ত কাজ সম্পন্ন করে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে তা চালু করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ)(সমাপ্ত) |
| **৫.৩** | (ক) পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) (সমাপ্ত) প্রকল্পের বছর ওয়ারী সকল অডিট আপত্তি অতিদ্রুত নিস্পত্তি করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(খ) প্রকল্প চলাকালীন সময়ে সকল অডিট আপত্তি ও নিস্পত্তিকৃত বিষয়গুলো একটি ফাইলে সংরক্ষণ করে কৃষি বিপণন অধিদপ্তরের হিসাব শাখায় জমা দিতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ)(সমাপ্ত) |
| **৫.৪** | সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ) প্রকল্পের অধীনে গোলাপগঞ্জের এসেম্বল সেন্টার নির্মাণ কাজের বিপরীতে এলজিইডিকে অবশিষ্ট ফান্ড জরুরী ভিত্তিতে হস্তান্তর করতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |
| **৫.৫** | (ক) প্রতি মাসে প্রতি জেলায় গঠিত কৃষক বিপণন দল নিয়ে কমপক্ষে (২x২) ০৪টি প্রশিক্ষণ কার্যক্রম আয়োজনের লক্ষ্যে মাঠ কর্মকর্তা ও জেলা বাজার কর্মকর্তাকে সম্পৃক্ত করতে হবে।<br>(খ) প্রক্রিয়াজাতকরণ প্রশিক্ষণে বিভিন্ন পণ্যের আচার তৈরী ছাড়াও জ্যাম, জেলি ইত্যাদি তৈরীর উদ্যেগ গ্রহণ করা এবং প্রতিটি প্রশিক্ষণে ৮/১০টি পণ্যের রেসিপি সম্বলিত পুস্তিকা তৈরী করে তা বিতরণ করতে হবে। এছাড়া প্রশিক্ষণে আদা, রসুন, কাচাঁমরিচ ইত্যাদি মসলাজাতীয় পণ্যের প্রক্রিয়াজাতকরণ বিষয় অর্ন্তভূক্ত করতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |
| **৫.৬** | অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার এর জায়গাটি পরিস্কার করে ডিসেম্বরের মধ্যে কৃষি মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতির মাধ্যমে নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর উন্মোচণের প্রস্তুতি গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |
| **৫.৭** | (ক) আলুর বহুমুখী ব্যবহার এর নিমিত্ত বিভিন্ন প্রশিক্ষণে পোস্টার, লিফলেট, ব্যানার ও আলুর রকমারী খাদ্য তৈরীর রেসিপি প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) যে সকল জেলায় ব্যাপক আলু উৎপাদন হয় সে সকল জেলায় আলু হতে রকমারী মিষ্টি প্রস্তুত পূর্বক বিক্রয়ের নিমিত্ত আলুর মিষ্টির ঘর তৈরীর বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |

| | | |
|---|---|---|
| | (গ) আগামী ডিসেম্বর-জানুয়ারী এর মধ্যে সকল আলুর ঘর নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে। | |
| ৫.৮ | ১৫ ডিসেম্বর/২০১৭ এর মধ্যে বিভাগীয় কার্যালয়, রংপুর এর সমনে সকল ধরণের অবৈধ স্থাপনা উচ্ছেদ করে উক্ত জায়গায় কর্মসূচির আওতায় আলুর রকমারী খাদ্য বিপণনের একটি স্থাপনা স্থাপন ও পরিচালনার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৫.৯ | ডিসেম্বর/২০১৭ মাসের মধ্যে প্রশিক্ষণের কার্যক্রম সমাপ্ত করাসহ আগামী শীত মৌসুমে কর্মসূচির আওতায় সংগৃহীত ভ্যান গুলোর মাধ্যমে পণ্য সামগ্রি বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |
| ৫.১০ | বিভাগীয় শহরের বিভিন্ন সুপারশপের সাথে চুক্তি সম্পন্ন করে ফ্রেসকাট কর্মসূচির উদ্যোক্তাগণ কর্তৃক উৎপাদিত পণ্য সামগ্রি বিক্রির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |
| ৫.১১ | (ক) দরপত্রের কার্যক্রম ৩০ ডিসেম্বর,২০১৭ এর মধ্যে শেষ করতে হবে এবং এ সময়ের মধ্যে কোন দরপত্র আহবান ও কার্যাদেশ প্রদানে ব্যর্থ হলে তার যৌক্তিকতা কৃষি বিপণন অধিদপ্তর ও কৃষি মন্ত্রণালয়কে লিখিতভাবে জানাতে হবে।<br>(খ) "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের আওতায় আগামী ১৫ দিনের মধ্যে সার্ভের কার্যাদেশ প্রদান করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৫.১২ | সমাপ্ত প্রকল্পের সংশোধিত পিসিআর যা ইতোমধ্যে প্রকল্পের পিসিইউ অংগে জমা প্রদান করা হয়েছে উক্ত কপি অধিদপ্তরের নীতি ও পরিকল্পনা শাখায় পুনরায় প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক<br>পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) ও মুসকুউপ (ডিএএম অংগ) (সমাপ্ত) |
| ৫.১৩ | (ক)বিভিন্ন আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে বিদ্যমান অতি পুরাতন মেশিনারী গুলো ডিসপোজালের জন্য গঠিত কমিটি কার্যকরী ব্যবস্থা গ্রহণ পূর্বক মতামতসহ প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করতে হবে।<br>(খ)বিভিন্ন প্রকল্পের আওতায় নির্মিত এবং ভবিষ্যতে নির্মিতব্য এসেম্বল সেন্টার পরিচালনা বিষয়ে প্রস্তুতকৃত খসড়া নীতিমালাটি সভার আলোচনার আলোকে প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন করে তা জারী করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | আহবায়ক<br>নীতিমালা প্রস্তুত কমিটি ও ডিসপোজাল কমিটি। |
| ৫.১৪ | ডিপিপি অনুযায়ী সমাপ্ত প্রকল্পের আওতায় সংগৃহীত সকল মালামাল প্রধান কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী বন্টন করা হয়েছে কিনা তা ইতোপূর্বে গঠিত কমিটি কর্তৃক যাচাই করে প্রতিবেদন মহাপরিচালক বরাবর প্রেরণ করতে হবে। | আহবায়ক<br>প্রকল্পের আওতায় সংগৃহীত মালামাল হস্তান্তর গ্রহণ কমিটি। |

৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর